গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

স্মারক নং ২০.০০.০০০০.৩০৯.০৫.৩৯১.১৬-৪২৪

তারিখ: ০৯ আগস্ট,২০২৩
২৫ শ্রাবণ, ১৪৩০

**বিষয়:** পরিকল্পনা বিভাগে বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" সংশোধন সংক্রান্ত।

**সূত্র:** সামাজিকবিজ্ঞান গবেষণা পারিষদের স্মারক নং ২০.০০.০০০০.৩০৯.০৫.৩৯১.১৬-৩৮৭, তারিখ: ০৯ জুলাই,২০২৩

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগে বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" নিম্নরূপ সংশোধন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছেঃ

**(ক)**

| **বিদ্যমান নীতিমালা সংশোধনের জন্য অনুমোদিত নীতি/কৌশল** |
|---|
| **নীতিমালার অনুচ্ছেদ নং ০৯ ও ১০**<br>**প্রমোশনাল ও ফেলোশিপ গবেষণা:**<br><br>বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" এর আওতাধীন ফেলোশিপ গবেষণা এবং প্রমোশনাল গবেষণা চলমান থাকবে। এ ক্ষেত্রে এসএসআরসি'র গবেষণা খাতে মোট বরাদ্দের মধ্যে ফেলোশিপ গবেষণার বিপরীতে **৪০%** এবং প্রমোশনাল গবেষণার বিপরীতে **১০%** বরাদ্দ রাখতে হবে। |
| **নীতিমালার অনুচ্ছেদ নং ১১ ও ১২**<br>**এমফিল ও পিএইচডি গবেষণা:**<br><br>সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সঙ্গে সম্পাদিত বর্তমান চুক্তির আওতায় চলমান পিএইচডি এবং এমফিল গবেষণা বিদ্যমান নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। এ ০২টি ক্যাটাগরির গবেষণা কার্যক্রম বিদ্যমান নীতিমালা থেকে বাদ যাবে। |
| **নীতিমালার অনুচ্ছেদ নং ১৩**<br>**প্রাতিষ্ঠানিক গবেষণা:**<br><br>বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" নীতিমালায় বিধৃত প্রাতিষ্ঠানিক গবেষণার স্থলে সরকারের তথা পরিকল্পনা কমিশনের নীতি, পরিকল্পনায় কার্যকর ভূমিকা রাখতে পারে এমন ক্ষেত্রসমূহে গবেষণা কার্যক্রম পরিচালনা হবে। এর জন্য দেশে বিদ্যমান সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/বেসরকারি গবেষণা প্রতিষ্ঠানের সাথে সম্মত সমঝোতা স্মারক (MoU) সম্পাদন করার মাধ্যমে বিষয়/লক্ষ্য-ভিত্তিক গবেষণা কার্যক্রম পরিচালনা করার ব্যবস্থা নীতিমালায় সংযোজন করতে হবে। এক্ষেত্রে এসএসআরসি'র গবেষণা খাতে মোট বরাদ্দের মধ্যে এই ক্যাটাগরির গবেষণার বিপরীতে **৫০%** বরাদ্দ রাখতে হবে। তবে, একটি প্রতিষ্ঠানের সাথে এক অর্থবছরে সর্বোচ্চ ২টি ভিন্ন বিষয়ে/ক্ষেত্রে MoU সম্পাদন করা যাবে । এ ক্ষেত্রে একক MoU এর বিপরীতে সর্বোচ্চ **২০.০০** লক্ষ টাকার সংস্থান রাখতে হবে। |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

| বিদ্যমান নীতিমালা সংশোধন/সংযোজন/পরিমার্জনের জন্য অনুমোদিত নীতি/কৌশল |
|---|
| **নীতিমালার অনুচ্ছেদ নং ১৪**<br>**প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:**<br>সামাজিক গবেষণা পদ্ধতি ও কৌশলের উপর রিসার্চ মেথডোলজি বিষয়ে প্রশিক্ষণের লক্ষ্যে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ (এসএসআরসি) এর অনুকূলে প্রশিক্ষণ খাতে বরাদ্দপ্রাপ্ত অর্থের সর্বোচ্চ **৫০%** সনামধন্য সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে সম্মত সমঝোতা স্মারক (MoU) এর মাধ্যমে সম্পাদন করা যাবে। এ ক্ষেত্রে একটি প্রতিষ্ঠানের অনুকূলে এক অর্থবছরে সর্বোচ্চ ২টি প্রশিক্ষণ এবং একক MoU এর বিপরীতে সর্বোচ্চ **১০.০০** লক্ষ টাকা সংস্থান রাখতে হবে। এ খাতের অবশিষ্ট অর্থ বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" অনুসরণপূর্বক অন্য প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদান করতে হবে। |

(খ) ব্যয় নির্বাহের সময়ে প্রস্তাবিত প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ((MoU সহ ও MoU) ছাড়া) ক্যাটাগরি ২টির মধ্যে কোন ক্যাটাগরিতে সংশ্লিষ্ট অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত অর্থ সম্পূর্ণ ব্যয় করা সম্ভব না হলে এবং অন্য ক্যাটাগরিতে চাহিদা থাকলে সচিব, পরিকল্পনা বিভাগের অনুমোদনক্রমে ক্যাটাগরি ২টির মধ্যে বরাদ্দ উপযোজন করা যাবে।

(গ) প্রস্তাবিত ৩ ক্যাটাগরির গবেষণার বিপরীতে কোন ক্যাটাগরিতে সংশ্লিষ্ট অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত অর্থ সম্পূর্ণ ব্যয় করা সম্ভব না হলে এবং অন্য ক্যাটাগরিতে চাহিদা থাকলে সচিব, পরিকল্পনা বিভাগের অনুমোদনক্রমে ক্যাটাগরিসমূহের মধ্যে বরাদ্দ উপযোজন করা যাবে।

(ঘ) সম্মত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের মাধ্যমে পরিচালিত প্রাতিষ্ঠানিক গবেষণা ও প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের বিপরীতে অর্থ ছাড় ও অন্যান্য বিষয়াদি বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল-২০২২" অনুযায়ী করতে হবে।

(ঙ) অর্থবছরের শুরুতে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের 'গবেষণা' খাত ও 'প্রশিক্ষণ' খাতে প্রাপ্ত বাজেট বরাদ্দ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি গবেষণা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুকূলে MoU স্বাক্ষরের মাধ্যমে এবং অন্যান্য গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানের লক্ষ্যে ব্যয় বিভাজনে সচিব, পরিকল্পনা বিভাগ এর অনুমোদন গ্রহণ করতে হবে।

(চ) সম্মত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের পূর্বে তা সচিব, পরিকল্পনা বিভাগ এর অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। উপরি-উক্ত সংশোধন/সংযোজন/পরিমার্জন বিদ্যমান "সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা ও কর্মকৌশল -২০২২" এর অংশ বিবেচনা করে গবেষণা এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(রাজু আহমাদ)
গবেষণা কর্মকর্তা
ফোন:০২৯১৮০৬৫৯

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন;
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৩. সদস্য, সাধারণ অর্থনীতি বভাগ, পরিকল্পনা কমিশন;
৪. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন;
৫. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন;
৬. জনাব খন্দকার আহসান হোসেন, প্রধান, কার্যক্রম বিভাগ ও উপদেষ্টা, নীতিমালা সংশোধন কমিটি
৭. জনাব নিখিল কুমার দাস, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ ও আহবায়ক , নীতিমালা সংশোধন কমিটি;
৮. জনাব সাদিয়া শারমিন, যুগ্মসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ ও সদস্য, নীতিমালা সংশোধন কমিটি;
৯. জনাব আ. ন. ম. ফয়জুল হক, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, ও সদস্য, নীতিমালা সংশোধন কমিটি;
১০. জনাব কামরুজজামান, উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ ও সদস্য, নীতিমালা সংশোধন কমিটি;
১১. জনাব শীলাব্রত কর্মকার, উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, ও সদস্য, নীতিমালা সংশোধন কমিটি;
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়***(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ)*** ;
১৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, পরিকল্পনা মন্ত্রণালয়***(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ)*** ;
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ ***(সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)*** ;
১৫. জনাব শিমুল সেন, সিনিয়র সহকারী প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, ও সদস্য, নীতিমালা সংশোধন কমিটি;
১৬. জনাব ধূসর প্রকৃতি গাইন, সহকারী পরিচালক, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ ও সদস্য-সচিব, নীতিমালা সংশোধন কমিটি;
১৭. গবেষণা কর্মকর্তা (সকল) , সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
১৮. সহকারী সচিব (সকল) , সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
১৯. ডকুমেন্টেশন অফিসার, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২১. অফিস কপি।